দৈনিক
ইত্তেফাক

4 FEB 2017

# ঢাকায় শিক্ষা মন্ত্রীদের আন্তর্জাতিক সম্মেলন কাল

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশে প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে শিক্ষামন্ত্রীদের আন্তর্জাতিক সম্মেলন ই-নাইন। গতকাল শুক্রবার রাজধানীর ব্যানবেইস ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

শিক্ষামন্ত্রী জানান, উন্নয়নশীল নয়টি দেশ নিয়ে গঠিত ফোরাম ই-নাইন। বাংলাদেশ ছাড়া এ ফোরামে রয়েছে ব্রাজিল, চীন, মিসর, ভারত, পাকিস্তান, ইন্দোনেশিয়া, মেক্সিকো ও নাইজেরিয়া। ইতিপূর্বে বাংলাদেশ ব্যতীত সব সদস্য রাষ্ট্র এক বা একাধিকবার সভাপতির দায়িত্ব পালন করেছে। এবারই প্রথম বাংলাদেশ এ সম্মেলনের সভাপতির দায়িত্ব পালন করবে।

শিক্ষামন্ত্রী বলেন, এ নয়টি দেশ নিয়ে আগামী ৫ থেকে ৭ ফেব্রুয়ারি তিনদিনব্যাপী হোটেল র‍্যাডিসনে শুরু হবে শিক্ষা বিষয়ক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ৪ অর্জন সম্মেলন। এই দিন সম্মেলনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত থাকবেন ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভা এবং ই-নাইনের সব সদস্য রাষ্ট্রের শিক্ষামন্ত্রীসহ উচ্চ পর্যায়ের কর্মকর্তারা। 'ই-নাইন' দেশগুলো বিশ্বের মোট জনসংখ্যার অর্ধেকেরই প্রতিনিধিত্ব করে। সম্মলনে ফোরামের পরবর্তী মেয়াদের চেয়ারম্যান হতে যাচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ফোরামের বর্তমান সভাপতি পাকিস্তান। বাংলাদেশের শিক্ষামন্ত্রীকে এ দিন সভাপতির দায়িত্বও হস্তান্তর করা হবে।